



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

৮ আগস্ট ২০১৭ খ্রি.

### মহেশখাল ও গয়নার ছড়ার অবৈধ দখল উচ্ছেদের মধ্যদিয়ে নগরীর খাল দখলমুক্ত করার কার্যক্রম শুরু হলো

চট্টগ্রাম সিটি কর্পোরেশন জলাবদ্ধতামুক্ত নগরী গড়ার প্রত্যয় থেকে নগরীর খাল সমূহ ডিজিটাল জরিপ পরিচালনা করছে। পাশাপাশি অবৈধ দখলদার থেকে খালগুলো মুক্ত করার লক্ষ্যে উচ্ছেদ অভিযান পরিচালনা করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ কর্মসূচির আওতায় ৮ আগস্ট ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে ১১নং দক্ষিণ কাউলী ওয়ার্ডে জেলে পাড়া ডা. কামিনী সড়ক এলাকায় মহেশখালের শেষপ্রান্ত থেকে উচ্ছেদ অভিযান চলে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন স্বশরীরে উপস্থিত থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস উচ্ছেদ অভিযান পরিচালনা করে। পরে গয়নার ছড়ার অবৈধ দখলদার চিহ্নিত করা হয়। মেয়র উচ্ছেদ অভিযান শুরু থেকে শেষঅবধি ছিলেন। এ সময় ১১নং ওয়ার্ড কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিনা খানমসহ স্থানীয় আওয়ামী লীগ, আওয়ামী যুবলীগ, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অবৈধ দখলদার উচ্ছেদ অভিযান চলাকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে। খাল, নালা দখলমুক্ত করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহীত কর্মসূচির আওতায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে। তিনি অবৈধ দখলমুক্ত করার অভিযানে সিটি কর্পোরেশনের পাশে নগরবাসীর শতভাগ সমর্থন প্রত্যাশা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা